



বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী
পুরাতন ৮৬ বিজয়নগর, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি




কথিত নাম: মো: নূরুল হাসান
প্রত্যাহারকের প্রকৃত
নাম: সুভাষ চন্দ্র মোহন্ত

মো: নূরুল হাসান (তাহার প্রকৃত নাম: সুভাষ চন্দ্র মোহন্ত) গ্রাম: শাহীপাড়া, পো: রংপুর সদর, উপজেলা: রংপুর সদর, জেলা: রংপুর, উক্ত ব্যক্তি রংপুর মেডিকেল কলেজ হইতে পাশকৃত একই নাম ডা: মো: নূরুল হাসান (বিএমএন্ডডিসি রেজিস্ট্রেশন নং: A-30921, Date: 28.03.2001) এর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এমবিবিএস সার্টিফিকেট, রংপুর মেডিকেল কলেজের প্রত্যায়ন পত্র ও রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের ইন্টার্নশীপ সার্টিফিকেটে প্রত্যাহার আশ্রয় গ্রহণ পূর্বক কথিত নিজের নামে তৈরী করে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন নং: A-75685, Date: 10.02.2016 গ্রহণ করিয়াছেন, যাহা প্রমানিত হইয়াছে। এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল হইতে তাহাকে প্রদত্ত রেজিস্ট্রেশন (রেজিস্ট্রেশন নং-A-75685, Date: 10.02.2016) বাতিল করা হইয়াছে এবং তাহার বিরুদ্ধে ফৌজদারী আইনে মামলা দায়ের করা হইবে।

এই প্রসঙ্গে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ সনের ৬১নং আইন এর ধারা ২৮(১) সকলের অবগতির জন্য উদ্ধৃত হইল :-

২৮। প্রত্যাহারমূলক প্রতিনিধিত্ব বা নিবন্ধনের দন্ড-(১) "যদি কোন ব্যক্তি প্রত্যাহার আশ্রয় লইয়া ইচ্ছাকৃতভাবে নিজেকে একজন স্বীকৃত মেডিকেল চিকিৎসক বা স্বীকৃত ডেন্টাল চিকিৎসক হিসাবে এই আইনের অধীনে নিবন্ধন, অথবা নিবন্ধন করিবার উদ্যোগ গ্রহণ, অথবা মিথ্যা বা প্রত্যাহারমূলক প্রতিনিধিত্ব প্রকাশ করিবার চেষ্টা করেন অথবা মৌখিক বা লিখিতভাবে উক্তরূপ ঘোষণা করেন, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ, এবং তজ্জন্য তিনি ৩ (তিন) বৎসর কারাদন্ড অথবা ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় হইবেন"।

এমতাবস্থায় তিনি নিজেকে চিকিৎসক বলিয়া পরিচয় দিতে কিংবা চিকিৎসা কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন না। তিনি যদি চিকিৎসা কার্য চালাইয়া যান তাহা হইলে আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা যাইতেছে।


ডা: মো: মিয়াকত হোসেন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
29.05.24